আমাদের সময়

তারিখ 22 NOV 2015
পৃষ্ঠা ১৭ কলাম ৪

# সমাবর্তন পরবর্তী শেকৃবি কর্তৃপক্ষের সংবাদ সম্মেলন

বিপুল উৎসাহ-উদ্দীপনার মধ্যদিয়ে ১৬ নভেম্বর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে (শেকৃবি) প্রথম সমাবর্তন অনুষ্ঠিত হয়েছে। এ প্রেক্ষিতে বৃহস্পতিবার সকাল সাড়ে ১১টায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সম্মেলন কক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে উপাচার্য অধ্যাপক মো. শাদাত উল্লা সবার কাছে কৃতজ্ঞতা প্রকাশ করেন। এ সময় উপস্থিত ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মো. শহীদুর রশীদ ভূঁইয়া, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হযরত আলী, পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কসের পরিচালক অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ, ছাত্র পরামর্শ ও নির্দেশনা পরিচালক অধ্যাপক ড. মো. সেকেন্দার আলী, প্রক্টর অধ্যাপক ড. মো. মিজানুর রহমান এবং বিভিন্ন গণমাধ্যমে কর্মরত বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিরা।

সংবাদ সম্মেলনে উপাচার্য অধ্যাপক মো. শাদাত উল্লা বলেন, সমাবর্তন হচ্ছে মহামান্য রাষ্ট্রপতির অনুষ্ঠান। এ অনুষ্ঠানে সবকিছু বঙ্গভবনের অনুমোদন সাপেক্ষে করতে হয়। সমাবর্তন অনুষ্ঠানে দেশের সার্বিক উন্নয়ন, বিভিন্ন বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা ও শিক্ষা, গবেষণায় অসামান্য অবদান রাখায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সম্মানসূচক ডক্টরেট ডিগ্রি 'ডক্টর অব দি ইউনিভার্সিটি' প্রদান করা হয়। তিনি আরও বলেন, আমরা কখনো কারও অসম্মান করিনি। সামাজিক যোগাযোগমাধ্যমে কৃষিবিদ আ ফ ম বাহাউদ্দিন নাছিম এমপি এ বিষয়ে বলেন, তার ব্যাপারে যারা অপপ্রচার চালাচ্ছেন তারা না জেনে-বুঝে এসব কিছু করছেন। কিন্তু সমাবর্তন অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রাণ বাহাউদ্দিন নাছিমের নাম অনাকাঙ্ক্ষিতভাবে উচ্চারিত না হওয়ার জন্য তিনি দুঃখ প্রকাশ করে বলেন, আমরা বিশ্ববিদ্যালয় আইন অনুসারে সম্মানসূচক সনদ দেওয়ার চেষ্টা করছি। শেকৃবি প্রতিষ্ঠার ক্ষেত্রে বাহাউদ্দিন নাছিমের যে অবদান তা অনস্বীকার্য। এজন্য আজীবন শেকৃবি তাকে মনে রাখবে। এ ছাড়া সমাবর্তনে বিতরণ করা মগের লোগোর মধ্যে বিশ্ববিদ্যালয়ের 'নাম সমস্যা' কী কারণে হয়েছে তা অতি দ্রুত খুঁজে বের করার জন্য ইতোমধ্যে ৫ সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

মূল সনদ প্রসঙ্গে বলেন, সনদপত্রে ভুল হয়েছে কথাটা ঠিক হয়নি। এখানে শিক্ষার্থীদের সঙ্গে কিছু বিষয়ে মিল হয়নি মাত্র। যেহেতু অভিযোগ উঠেছে তাই ব্যাপারটি একাডেমিক কাউন্সিল, সিন্ডিকেটের অনুমোদনের মাধ্যমে আমরা ঠিক করব। যারা প্রভিশনাল সনদ জমা দিয়ে মূল সনদ নিয়েছিলেন তারা চাইলে আবার তাদের প্রভিশনাল সনদ নিতে পারবেন। বিজ্ঞপ্তি।